

শাহজালালে যাত্রীর অস্বাভাবিক আচরণ : বেবিচকের বিবৃতি

- A Monitor Desk Report

Date: 06 June, 2025



ঢাকাঃ রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে একজন যাত্রীর অস্বাভাবিক আচরণ সংক্রান্ত একটি ভিডিও সম্প্রতি ভাইরাল হয়। এতে বিভ্রান্তিকর ও অসম্পূর্ণ তথ্য উপস্থাপিত হওয়ায় বিমানবন্দর কর্তৃপক্ষ ও বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) তাদের অবস্থান ব্যাখ্যা করেছে।

ঘটনাটি ফেসবুকে ভাইরাল হওয়ার পর বুধবার (৪ জুন) রাতে একটি সংবাদ বিজ্ঞপ্তি দেয় বেবিচক।

এতে জানানো হয়, ৪ জুন (৩ জুন দিবাগত রাত) রাত ১টা ৩৬ মিনিটে বোর্ডিং ব্রিজ ৬-এ নিরাপত্তা রাউন্ড চলাকালে মালয়েশিয়া এয়ারলাইন্সের (ফ্লাইট MH-196) এক যাত্রী মো. তুহিন আলী চিৎকার ও অশ্লীল ভাষায় গালিগালাজ করছিলেন। এসময় মালয়েশিয়া এয়ারলাইন্সের দুই প্রতিনিধি তাকে শান্ত করতে এবং তার পাসপোর্ট ও ব্যাগ বুঝিয়ে দিতে চেষ্টা করলেও তিনি সহযোগিতা করেননি।

ওই যাত্রী তার মালামাল, পাসপোর্ট এবং অর্থ (মালয়েশিয়ান রিজিড) বোর্ডিং ব্রিজ এলাকায় ছুড়ে ফেলেন এবং নিজের মা-বাবাকে নিয়ে অশালীন মন্তব্য করতে থাকেন। এতে করে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে এবং আশপাশে লোকজন জড়ো হতে থাকেন। এর ফলে ওই বোর্ডিং ব্রিজে অন্য একটি ফ্লাইটের স্ক্যানিং কার্যক্রমও বিঘ্নিত হয়।

পরে মালয়েশিয়া এয়ারলাইন্সের প্রতিনিধি ও নিরাপত্তা টিমের সদস্যরা ওই যাত্রীকে আগমনী ইমিগ্রেশনের প্রক্রিয়া সম্পন্ন করে ব্যাগেজ বেল্ট এলাকায় নিয়ে যাওয়ার চেষ্টা করেন। তবে তিনি তা প্রত্যাখ্যান করে গালিগালাজ করতে করতে ১ নম্বর বেস্টের দিকে চলে যান। ওই সময়ে তার আচরণ ছিল অস্বাভাবিক ও অত্যন্ত আগ্রাসী।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আসার পর তার ভাই ও চাচার সঙ্গে যোগাযোগ করা হলে তারা জানান, যাত্রী আগেও মাদকাসক্ত অবস্থায় এমন আচরণ করতেন এবং বৃষ্টির রাতে তাকে নিতে বিমানবন্দরে আসা সম্ভব নয়। পরে যাত্রী ধীরে ধীরে স্বাভাবিক হলে ভোর ৫টা ৩০ মিনিটে বিমানবন্দর ত্যাগ করেন।

বেবিচক জানিয়েছে, ঘটনার সময় বিমানবন্দর কর্তৃপক্ষ, সিভিল এভিয়েশন এবং সংশ্লিষ্ট এয়ারলাইন্স প্রতিনিধিরা পেশাদারিত্ব ও ধৈর্যের সঙ্গে পরিস্থিতি মোকাবিলা করেছেন।

তবে ঘটনাটির কিছু অংশ ভিত্তিহীনভাবে প্রচারিত হওয়ায় জনমনে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে বলে জানানো হয়েছে বেবিচকের বিজ্ঞপ্তিতে।

এ কারণে ভবিষ্যতে এ ধরনের ঘটনা প্রকাশের ক্ষেত্রে যথাযথ তথ্য যাচাই করে সংবাদ প্রচারের আহ্বান জানিয়েছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, যাতে দেশের গুরুত্বপূর্ণ অবকাঠামোর ভাবমূর্তি ক্ষুণ্ণ না হয়।

-B